

Ex/BANGLA/PG/4.52/2019

স্নাতকোত্তর অন্ত্য-সিমেন্টার পরীক্ষা, ২০১৯

(দ্বিতীয় বর্ষ, চতুর্থ সিমেন্টার)

বাংলা

মধ্যযুগের সাহিত্য-সংস্কৃতি সমালোচনা

কোর্স : পি.জি. : ৪.৫২

সময় : দু ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

১. উনিশ শতকে বাংলা সাহিত্যের ইতিহাস রচনার অধিকাংশ উদ্যোগই 'মধ্যযুগ'কে 'আধুনিক'-এর বিপরীত-পক্ষ হিসেবে বিবেচনা করেছে। প্রাসঙ্গিক উদাহরণসহ মন্তব্যটি ব্যাখ্যা করো। ১০

অথবা

গোপাল হালদার সাহিত্যকে 'সংস্কৃতিরই এক বিশেষ রূপ' হিসেবে বিবেচনা করেছেন। তাঁর সাহিত্যের ইতিহাসে মধ্যযুগ পরিকল্পনায় এই ভাবনার প্রতিফলন কীভাবে ঘটেছে তা সংক্ষেপে আলোচনা করো। ১০

২. প্রাতিষ্ঠানিক সাহায্য হরপ্রসাদ শাস্ত্রীর পুথিচর্চার পরিসরকে কীভাবে প্রভাবিত করেছিল তার সংক্ষিপ্ত পরিচয় দাও। ১০

অথবা

মধ্যযুগের বৈষ্ণব সম্প্রদায় ও উপসম্প্রদায় বিষয়ে অক্ষয়কুমার দত্তের যে দৃষ্টিভঙ্গির পরিচয় পাওয়া যায় তা সংক্ষেপে আলোচনা করো। ১০

(Turn over)

(2)

৩. 'ভারতীয় দর্শনের ঐক্য' বলতে শশিভূষণ দাশগুপ্ত কী বলতে চেয়েছেন? মধ্যযুগের সাহিত্য সমালোচনার ক্ষেত্রে দর্শন পাঠের উপর তিনি যে গুরুত্ব দিয়েছেন তা দৃষ্টান্ত সহযোগে বুঝিয়ে লেখো। ৪+৬=১০

অথবা

মধ্যযুগের বাংলার মন্দির শিল্পের আলোচনায় হিতেশরঞ্জন সান্যাল সমাজতত্ত্বকে কেন গুরুত্ব দিয়েছিলেন বলে তুমি মনে কর? নিজস্ব মতামত লেখো। ১০

৪. বৈষ্ণব সাহিত্য সমালোচনায় রবীন্দ্রনাথ কি কোনও বিশেষ সমালোচনা প্রস্থান তৈরি করেছিলেন বলে তুমি মনে কর? তোমার বক্তব্যের পক্ষে যুক্তি দাও। ১০

৫. মুহম্মদ শহীদুল্লাহ তাঁর সাহিত্যের ইতিহাসের ভূমিকায় মুসলমান বাঙালির মাতৃভাষা হিসেবে বাংলার যে গুরুত্বের কথা উল্লেখ করেছেন তা তাঁর ইতিহাস পরিকল্পনার সঙ্গে কীভাবে সম্পর্কযুক্ত তা নিজের ভাষায় আলোচনা করো। ১০